আপডেটঃ মেহেরপুরের একই পরিবারের যে ৪ জন নিহত

রাজবাড়ীতে সড়ক দুর্ঘটনায় মেহেরপুরের মুজিবনগর উপজেলার বল্লবপুর গ্রামের ৪ জন নিহত হয়েছেন।

নিহতরা নিহত হলেন, শংকর বিশ্বাসের ছোট ভাই বিপুল বিশ্বাসের এর স্ত্রী সূব্রতা (৩০), ছেলে নিশান (৬), শাশুড়ি ডেজিনা (৫০), এবং শ্যালক শ্যামল (২৬)।

এ দুর্ঘটনায় বিপুল ও চালক বল্লবপুর গ্রামের সুকুমার এর ছেলে রাজন আহত হয়েছেন। আহতদের স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আহত বিপুল বিশ্বাস এর ভাই ইউপি সদস্য শংকর বিশ্বাস জানান, আজ সকাল ৭ টার দিকে একটি প্রাইভেট কার যোগে ঢাকার উদ্দেশ্য যাচ্ছিল সবাই। এ সময় সকাল ১০টার দিকে গোয়ালন্দ- ঢাকা সড়কে পিছন থেকে একটি ট্রাক এসে ধাক্কা দেয়। এতে ঘটনাস্থলেই ৪ জন মারা যায়।

নিহতদের লাশ আনতে পরিবার থেকে রাজবাড়ীর উদ্দেশ্য রওনা হয়েছে। দুর্ঘটনাকবলীত প্রাইভেট কার ও নিহতদের গোয়ালন্দ পুলিশ হেফাজতে রাখা হয়েছে।

মেপ্র/এমএফআর

আলমডাঙ্গার চাঞ্চল্যকর রোড ডাকাতি মামলার রহস্য উন্মোচিত

আলমডাঙ্গার যে অতি চাঞ্চল্যকর রোড ডাকাতির ঘটনায় থানার সৎ ওসি হিসেবে পরিচিতি পাওয়া আশিকুর রহমান প্রত্যাহার হন, সেই ডাকাতির রহস্য উদঘাটিত হয়েছে। দূর্বোধ্য এই রহস্যের জাল ভেদ করেন থানার ওসি (তদন্ত) মাসুদুর রহমান। মামলার দূর্ধষ দুই ডাকাতকে জেলহাজতেও পাঠানো হয়েছে। গতকাল আসামি রতন ডাকাতির চাঞ্চল্যকর বর্ননা দিয়ে

থানার ওসি (তদন্ত) মাসুদুর রহমান মেহেরপুর প্রতিদিনকে জানানÑ “চাঞ্চল্যকর রোড ডাকাতির রহস্য উদঘাটিত হয়েছে। এই মামলায় রুহুল ও রতন নামের দুই ডাকাতকে আদালতের মাধ্যমে হাজতে পাঠানো হয়েছে।”

মেহেরপুর জেনারেল হাসপাতালে করোনা রোগীদের খাবার ও উপকরণ বিতরণ

মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তিরত করোনা রোগীদের মধ্যে প্রোটিন সমৃদ্ধ খাদ্য, ফলমুল ও হ্যান্ড স্যানিটাইজারসহ রোগীর চাহিদা মাফিক সামগ্রী প্রদান করেছে মউক।
গতকাল শনিবার বেলা দেড় টার দিকে মানব উন্নয়ন কেন্দ্র মউক এর অনুসন্ধান টিমের সমন্বয়ক ও নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম এর নেতৃত্বে মউকের ৭ সদস্যর করোনা প্রতিরোধে ক্যাম্পেইন ও অনুসন্ধানী টিম এসকল সামগ্রী প্রদান করেন।
রোগীর জীবন মান ও চিকিৎসার ব্যবস্থাপনা বিষয়ে খোঁজ খবরসহ করোনা রোগীর মানসিক অবস্থার উন্নয়নে এবং রোগী আতংক গ্রস্থ না হয়ে, আরো সাহসী হয়ে নিজেকে সুস্থ্যতা বোধ করতে পারে এবং নিজেদের মনোবল বৃদ্ধি করে সুস্থ্য হতে সহায়ক ভূমিকা পালন করতে পারে সেই লক্ষে তাদের মধ্যে সচেতনতা করা হয়।
মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম বলেন, যেহেতু এসকল রোগীদের হাসপাতালে চিকিৎসা চলাকালিন সময়ে আত্মীয় স্বজন ও বন্ধু বান্ধব কেউই সাক্ষাত করতে পারেনা। পরিবার ও পরিজনের কেউ কোন খোঁজ খবর নিতে পারেনা তাই তাদের মনোবলবৃদ্ধি করতে এধরনের উদ্দোগ নেওয়া হয়েছে।
এ সময় মেহেরপুর জেনারেল হাসপাতালের তত্বাবধায়ক রফিকুল ইসলাম, হাসপাতালের আরএমও ডা, মোখলেসুর রহমানসহ ও করোনা চিকিৎসায় নিয়োজিত স্টাফবৃন্দ উপস্থিত ছিলেন।
হাসপাতালের চিকিৎসা ব্যাবস্থপনা নিয়ে মানবাধিকারকর্মি আশাদুজ্জামান সেলিমের নেতৃত্বে অনুসন্ধানটিম সন্তোষ প্রকাশ করেন।

উল্লেখ্য, নোভেল করোনা ভাইরাস প্রতিরোধে স্থানীয় মানবাধিাকার সংগঠন মানব উন্নয়ন কেন্দ্র (মউক)দুই মাস ব্যাপী বিভিন্ন কর্মসুচী গ্রহণ ও বাস্তবায়ন করে আসছে। কর্মসুচীর মধ্যে বিভিন্ন সরকারি বেসরকারি প্রতিষ্ঠানে জীবানুনাশক স্প্রে করা, জনগনের মাঝে হ্যান্ড-স্যাানিটাইজার, মাস্ক, খাদ্যা সামগ্রী ও ঔষধপত্র বিতরণ উল্লেখ্য যোগ্য।

কালীগঞ্জে কৃষককে কুপিয়ে হত্যা: প্রধান আসামি গ্রেপ্তার

ছাগল বিক্রির পাওনা ৩০০ টাকা দ্বন্দ্বের জের ধরে কৃষক আমিরুল ইসলাম বিশ্বাস কে কুপিয়ে হত্যার প্রধান আসামি শাহিন মণ্ডল ওরফে জাম্বু (৩৬) কে গ্রেপ্তার করেছে পুলিশ।
গত শুক্রবার রাতে নিহতের স্ত্রী রমেচা বেগম বাদি হয়ে শাহিনকে আসামি করে কালীগঞ্জ থানায় একটি হত্যা মামলা করে। ঘটনার পর পুলিশ অভিযান চালিয়ে ওই রাতেই উপজেলার খেদাপাড়া গ্রামের একটি নির্মাণাধীন স্কুলের মধ্যে থেকে তাকে গ্রেপ্তার করে। এ সময় হত্যাকাজে ব্যবহৃত একটি হাসুয়া দা (হেসো) উদ্ধার করা হয়। গ্রেপ্তারকৃত শাহিন মণ্ডল দৌলতপুর গ্রামের মৃত শামসুল মণ্ডলের ছেলে।
কালীগঞ্জ থানার অফিসার-ইন-চার্জ (ওসি) মুহাঃ মাহফুজুর রহমান মিয়া জানান, কয়েকদিন আগে দৌলতপুর গ্রামের শামসুল ইসলামের ছেলে শাহিনের নিকট থেকে একটি ছাগল ক্রয় করে নিহত আমিরুল ইসলামের ফুপাতো বোনের জামাই বিশারত আলী। এ নিয়ে দুই দিন আগে ক্রেতা বিশারত ও বিক্রেতা শাহিন হোসেনের মাঝে বাকবিতণ্ডা হয়। বিষয়টি ঐদিন আমিরুল ইসলাম মিটিয়ে দেয়।
গত শুক্রবার সকালে শালিসি নিয়ে আমিরুল ইসলামের সাথে শাহিনের কথা কাটাকাটি হয়। এর জের ধরে রাতে বাজার থেকে বাড়ি ফেরার পথে আমিরুলকে কুপিয়ে গুরুতর আহত করে পালিয়ে যায় শাহিন।তাকে উদ্ধার করে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক আমিরুলকে মৃত ঘোষণা করে। নিহত আমিরুল ইসলাম (৪৫) দৌলতপুর গ্রামের মৃত জবেদ আলী বিশ্বাসের ছেলে।

ঘটনার পর থেকে পুলিশ হত্যার সাথে জড়িত শাহিনকে গ্রেপ্তারের জন্য জরালো অভিযান শুরু করে। হত্যাকাণ্ডের ১২ ঘন্টা পর শুক্রবার রাতে খেদাপাড়া থেকে শাহিনকে গ্রেপ্তার করা হয়। এ সময় হত্যাকাণ্ডে ব্যবহৃত হাসুয়া দা (হেসো) উদ্ধার করা হয়। তাকে জেল-হাজতে পাঠানোর প্রক্রিয়া চলছে বলে জানান ওসি।

কোটচাঁদপুরে ধর্ষণের অভিযোগে ইউপি সদস্য আটক

ঝিনাইদহের কোটচাঁদপুরে এক মহিলা ইউপি সদস্যকে ধর্ষণের অভিযোগে মোঃ সামাইল হক (৫০) নামে এক ইউপি সদস্যকে আটক করেছে থানা পুলিশ। ধর্ষণের অভিযোগ এনে গত বৃহস্পতিবার দুপুরে বলুহর ইউনিয়ন পরিষদের মহিলা ইউপি সদস্য মোছাঃ মর্জিনা খাতুন বাদী হয়ে কোটচাঁদপুর থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলা দায়ের করেন। ওই দিন রাতেই আসামী সামাউল হককে আটক করা হয়। আটককৃত সামাউল হক উপজেলার বকশিপুর গ্রামের মোঃ ছানার উদ্দীনের ছেলে।
মামলার এজাহার সূত্রে জানাযায়, উপজেলার ফুলবাড়ী গ্রামের মৃত ফকির চাঁদ গাজীর মেয়ে ৪নং বলুহর ইউনিয়নের ৪নং সংরক্ষিত মহিলা আসনের ইউপি সদস্য মোছাঃ মর্জিনা খাতুন (৪৫) এর সাথে পার্শ্ববর্তী কুশনা ইউনিয়নের ইউপি সদস্য মোঃ সামাউল হকের সাথে প্রেমের সম্পর্ক গড়ে ওঠে।
সম্পর্কের এক পর্যায়ে গত ১৪-০২-২০১৮ তারিখ বিকালে স্থানীয় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের একটি কক্ষে মৌলবি কাজী মোঃ ছব্দুল, সাক্ষী মোঃ ইয়ারুল ইসলাম ও মোঃ জামাল উদ্দীনের উপস্থিতিতে মৌখিকভাবে ৪ লক্ষ টাকা কাবিনে বিবাহ সম্পন্ন করেন।
বিবাহের পর থেকে ইউপি সদস্য মোছাঃ মর্জিনা খাতুন, ইউপি সদস্য সামাউল হরেক স্ত্রী হিসাবে পরিচয় দেন। কিন্তু সামাউল বিভিন্ন বাহানা করে এড়িয়ে যায়। পরবর্তিতে সামাউল হক মর্জিনাকে কোটচাঁদপুর সনি আবাসিক হোটেল ও চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার হরিন নগর গ্রামের এক পরিচিত’র বাড়িতে নিয়ে দৈহিক মেলামেশা করতে থাকে।
বাদী মর্জিনা খাতুন এজাহারে উল্লেখ করেন, আমি একজন ইউপি সদস্য

হওয়ায় আসামী সামাউল হক বিভিন্ন প্রকার প্রলোভন দেখিয়ে দুই থেকে আড়াই লক্ষ টাকা নেয়। এবং আমার সরলতার সুযোগে মিথ্যা বিবাহের প্রলোভন দেখিয়ে আমার সাথে দৈহিক মেলামেশা করতে থাকে। গত ১৪ মে সকালে কুশনা ইউনিয়ন পরিষদে গিয়ে সামাউলকে স্ত্রী হিসাবে গ্রহণ করতে বলি। কিন্তু সে আমাকে স্ত্রী হিসাবে গ্রহণ করবে না বলে জানায়। বিষয়টি নিয়ে উভয় ইউপি চেয়ারম্যান ও ইউপি সদস্যদের সাথে নিয়ে মিমাংসা করার চেষ্টা করেও কোন ফল হয়নি।
এব্যাপারে বলুহর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান আব্দুল মতিন জানানÑ “দীর্ঘদিন যাবত তাদের মধ্যে প্রেমের সম্পর্ক ছিল। কিন্তু বিবাহের কোন কাগজ পত্র দেখাতে না পারলেও আটকের পর থানায় তাদের বিবাহের কথা স্বীকার করেছেন।”
কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, বৃহস্পতিবার (১১জুন) ইউপি সদস্য মর্জিনা খাতুন থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংসোধনী/০৩ এর ৯(১) ধারায় মামলা দায়ের করেন। মামলা নং-২ । পরে তাকে আটকের পর জেলহাজতে প্রেরণ করা হয়।

রাজবাড়ীতে সড়ক দুর্ঘটনায় মেহেরপুরের ৪ নিহত

রাজবাড়ীতে সড়ক দুর্ঘটনায় মেহেরপুরের মুজিবনগর উপজেলার বল্লবপুর গ্রামের ৪ জন নিহত হয়েছেন।

নিহতরা নিহত হলেন, শংকর বিশ্বাসের ছোট ভাই বিপুল বিশ্বাসের এর স্ত্রী সূব্রতা (৩০), ছেলে নিশান (৬), শাশুড়ি ডেজিনা (৫০), এবং শ্যালক শ্যামল (২৬)।

এ দুর্ঘটনায় বিপুল ও চালক বল্লবপুর গ্রামের সুকুমার এর ছেলে রাজন আহত হয়েছেন। আহতদের স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আহত বিপুল বিশ্বাস এর ভাই ইউপি সদস্য শংকর বিশ্বাস জানান, আজ সকাল ৭ টার দিকে একটি প্রাইভেট কার যোগে ঢাকার উদ্দেশ্য যাচ্ছিল সবাই। এ সময় সকাল ১০টার দিকে গোয়ালন্দ- ঢাকা সড়কে পিছন থেকে

একটি ট্রাক এসে ধাক্কা দেয়। এতে ঘটনাস্থলেই ৪ জন মারা যায়।

মেপ্র/এমএফআর

ধর্ম প্রতিমন্ত্রী শেখ আবদুল্লাহ আর নেই

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী অ্যাডভোকেট শেখ মো. আব্দুল্লাহ ইন্তেকাল করেছেন। শনিবার রাত ১১টা ৪৫ মিনিটে তার মৃত্যু হয়। প্রতিমন্ত্রীর সহকারী একান্ত সচিব শেখ নাজমুল হক সৈকত এ তথ্য নিশ্চিত করেছেন।

শেখ আব্দুল্লাহ ২০১৯ সালের ৭ জানুয়ারি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রীর দায়িত্ব লাভ করেন।

ধর্ম প্রতিমন্ত্রী অ্যাডভোকেট শেখ মো. আব্দুল্লাহ ১৯৪৫ সালের ৮ সেপ্টেম্বর গোপালগঞ্জ জেলার মধুমতী নদীর তীরবর্তী কেকানিয়া গ্রামের এক সম্ভ্রান্ত ধার্মিক মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তার পিতা শেখ মো. মতিউর রহমান এবং মাতা মরহুমা আলহাজ্ব মোসাম্মৎ রাবেয়া খাতুন। চার ভাই তিন বোনের মধ্যে তিনি দ্বিতীয়।

১৯৭১ সালের মুক্তিযুদ্ধের অন্যতম গুরুত্বপূর্ণ ফ্রন্ট মুজিব বাহিনীর সাথে সরাসরি সম্পৃক্ত হয়ে মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেন। বাঙ্গালীর স্বাধীনতা সংগ্রাম শুরু হলে তিনি মুক্তিযুদ্ধে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। তিনি ১৯৭৩ সালে স্বাধীন বাংলাদেশ সরকারের অধীনে অনুষ্ঠিত বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ হন। কিন্তু রাজনৈতিক কর্মকাণ্ডের মাধ্যমে দেশ সেবা করার লক্ষ্যে চাকুরির পরিবর্তে বঙ্গবন্ধুর আদর্শ এবং তার নেতৃত্বে রাজনীতি করার সিদ্ধান্ত গ্রহণ করেন।

এরপর কাউন্সিলের মাধ্যমে গোপালগঞ্জ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নির্বাচিত হন। দীর্ঘদিন তিনি এ দায়িত্ব পালন করেন। তিনি জাতীয় পর্যায়ে বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির ধর্ম

বিষয়ক সম্পাদকের দায়িত্ব পালন করে আসছেন।

কুষ্টিয়ায় সরকারী নির্দেশনা না মানায় ৬৭ জনকে জরিমানা

করোনা ভাইরাস প্রতিরোধে সরকারি নির্দেশনা অমান্য করা ও স্বাস্থ্যবিধি না মেনে মাস্ক না পরে বাইরে ঘোরাঘুরি করা, বিকেল ৪ টার পর দোকান খোলা রাখা, গণপরিবহনে নিয়ম না মেনে যাত্রী বহণ করাসহ বিভিন্ন অপরাধে কুষ্টিয়ায় মোট ৬৭ মামলায় ৩২ হাজার ৬শ টাকা জরিমানা করা হয়েছে।

শনিবার দিনব্যাপী কুষ্টিয়া শহরতলী, মিরপুর, ভেড়ামারা, ও কুমারখালী উপজেলায় এসব ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়।

কুষ্টিয়া জেলা প্রশাসনের সহকারী নির্বাহী ম্যাজিস্ট্রেট এবিএম আরিফুল ইসলাম বলেন, শনিবার দিনব্যাপী করোনা ভাইরাস প্রতিরোধে সরকারি নির্দেশনা অমান্য করা ও স্বাস্থ্যবিধি না মেনে মাস্ক না পরে বাইরে ঘোরাঘুরি করায় ও সেরকারী নির্দেশনা না মানায় দণ্ডবিধি ১৮৬০ এবং সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মুল) আইন ২০১৮ অনুযায়ী ৬৭ টি মামলায় ৩২ হাজার ৬শ টাকা জরিমানা করা হয়।

এরমধ্যে মাস্ক ব্যবহার না করা, বিকেল ৪ টার পর দোকান খোলা রাখা, গণপরিবহনে নিয়ম না মেনে যাত্রী বহণ করাসহ একাধিক অপরাধে কুষ্টিয়া সদর উপজেলায় ১২ জনকে ১৩ হাজার টাকা, ভেড়ামারায় ২১ জনকে মোট ৪ হাজার ৭শ টাকা, কুমারখালীতে ২১ টি মামলায় ৯ হাজার ৭শ টাকা এবং মিরপুর উপজেলায় ১১ জনকে ৫ হাজার ২ শ’ টাকা জরিমানা করা হয়।

গাংনীতে করোনা উপসর্গ নিয়ে গৃহবধুর মৃত্যু, নমুনা সংগ্রহ

মেহেরপুরের গাংনীতে করোনা উপসর্গ নিয়ে রশিদা বেগম (৬০) নামের এক গৃহবধুর মৃত্যু হয়েছে। শনিবার দুপুর ১টায় উপজেলার কাথুলী ইউপির গাড়াবাড়িয়া গ্রামের তার নিজ বাড়িতে মৃত্যু হয়।

সে ঐ গ্রামের মৃত আক্কাস আলীর স্ত্রী। গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স’র আবাসিক মেডিকেল অফিসার ডা: সাদিয়া সুলতানা জানান,করোনা উপসর্গ নিয়ে রশিদা বেগমের মৃত্যু হয়েছে এমন সন্দেহে উর্দ্ধত্বন কর্তৃপক্ষের নির্দেশে নমুনা সংগ্রহ করা হয়েছে। নমুনা পরীক্ষার ফলাফল হাতে না পাওয়া পর্যন্ত এখনই নিশ্চিত করে কিছু বলা সম্ভব হচ্ছেনা।

নমুনা পরীক্ষার ফলাফল পাওয়ার পর করোনায় তার মৃত্যু হয়েছে কিনা নিশ্চিত হওয়া যাবে। রশিদা বেগমের আতœ◌ীয় ইয়ারুল ইসলাম জানান,তার চাচী ঢাকাতে মেয়ের কাছে থাকে গত বুধবার বাড়িতে এসেছে। দীর্ঘদিন যাবৎ তিনি শারীরিক ভাবে অসুস্থ ছিলেন। করোনায় নয় তার স্বাভাবিক মৃত্যু হয়েছে। স্থানীয়রা জানান,রশিদা বেগমের মেয়ে নাজমা খাতুন পুলিশ বিভাগে চাকুরী করলে বর্তমানে র্যাবে কর্মরত রয়েছে। কিছুদিন যাবৎ সে তার মেয়ের বাড়ি ঢাকা মিরপুর ২ এলাকায় বসবাস করতো।

তারা যে বাড়িতে বসবাস করতো সেই বাড়ির নীচের ফ্লাটে কয়েকজন করোনায় আক্রান্ত রুগী ছিলো। গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যান কর্মকর্তা ডা: রিয়াজুল আলম জানান, রশিদা বেগমের দাফন কিভাবে হবে এটা প্রশাসন সিদ্ধান্ত নেবে।

তবে স্বাস্থ্য বিভাগের কাজ নমুনা সংগ্রহ করা সেটি তারা করেছেন। গাংনী উপজেলা নির্বাহী অফিসার সেলিম শাহনেওয়াজ বলেন এ বিষয়ে তিনি কিছু জানে না। সাংবাদিকের কাছে তিনি উল্টো জানতে চান মৃত ব্যক্তির নমুনা পরীক্ষার ফলাফল এসেছে কিনা। নমুনা পরীক্ষার ফলাফল এসেছে কিনা এটা হাসপাতাল কর্তৃপক্ষ বলতে পারবে জানালে তিনি বলেন আচ্ছা দেখছি।

কুষ্টিয়ার হাট-বাজারে কদর বেড়েছে তালের শাঁসের

একদিকে সুস্বাদু, অন্যদিকে কচি তালের শাঁসে জলীয় অংশ বেশি থাকায়, তা দেহের পানিশূন্যতা অনেকটাই পূরণ করে। ফলে জ্যৈষ্ঠের এ গরমে কুষ্টিয়ার হাট-বাজারে বেশ কদর বেড়েছে তালের শাঁসের।

ক্যালসিয়াম, ভিটামিন এ, বি ও সিসহ নানা ধরনের পুষ্টির চাহিদাও মিটছে তালের শাঁসে। পাশাপাশি মৌসুমি ফল হিসেবে তালের শাঁস অবদান রাখছে গ্রামীণ অর্থনীতিতেও।

কালের বিবর্তনে কুষ্টিয়ার পল্লী অঞ্চলে কমে গেছে তাল গাছের সংখ্যা। তবুও বর্তমানে অনেকেই তালের আঁটি রোপণ করে ভারসাম্য ফিরিয়ে আনার চেষ্টা চালিয়ে যাচ্ছেন।

কুষ্টিয়া শহরের এনএস রোডে তালশাঁস বিক্রি করছিলেন আরিফুল ইসলাম। তিনি কুমারখালী উপজেলার বানিয়াকান্দি এলাকার বাসিন্দা।

বছরের অন্যান্য সময় ইটভাটায় কাজ করলেও এসময়টাতে তিনি আরও একজনকে সঙ্গে নিয়ে তালের শাঁস বিক্রি করে থাকেন।

তিনি জানান, একটি তাল থেকে দু’টি বা তিনটি শাঁস থাকে। প্রতি পিস এখন তিন থেকে চার টাকায় বিক্রি হয়। গ্রামে গ্রামে ঘুরে এসব কচি তাল কিনে আনেন তিনি। তালের সংখ্যা ভেদে একটি গাছের দাম পড়ে পাঁচশ’ থেকে ১২শ’ টাকা।

প্রতিদিন দেড় হাজার টাকার তালশাঁস বিক্রি করেন তিনি। এতে পাঁচ-সাতশ’ টাকা লাভ থাকে, যা দিয়ে আরিফুল ও তার সহযোগীর সংসার মোটামুটি ভালোভাবেই চলে যায়।

কুষ্টিয়ার মিরপুর উপজেলার মশান বাজারে তালের শাঁস বিক্রেতা রমজান আলী জানান, কেউ একটু তরল, আবার কেউ একটু শক্ত শাঁস পছন্দ করেন। প্রতিদিন ৫০ থেকে ৬০ কাঁদি (ছড়া) তাল বিক্রি হয়। তালের মৌসুম এলে এ এলাকার তিনিই শুধু তাল বিক্রি করেন। যদিও এতে অনেক শ্রম দিতে হয়। গাছ থেকে তালের কাঁদি কেটে তা আবার নামানো, বাজারে বয়ে

আনা, তারপর কাটাকুটি করে তবেই ক্রেতার হাতে দিতে হয়। কষ্ট হলেও বেশ লাভ হয়।

কুষ্টিয়া জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক শ্যামল কুমার বিশ্বাস বলেন, এখন বজ্রপাত রোধে বিভিন্ন রাস্তার ধারে ও খালের পাড়ে তালগাছ রোপণ করা হচ্ছে। কৃষি অফিস ও বিভিন্ন সংগঠনের আলাদাভাবে তালের গাছ রোপণ করে আসছে। এ বছর তালের ফলনটাও ভালো হয়েছে। এছাড়া এবার নতুন নতুন গাছে থেকে তাল ধরেছে। এসব গাছের তাল পাকানোর জন্য সংরক্ষণ করা হচ্ছে, যাতে বীজ করা যায়।